স্বাস্থ্য শিক্ষা উন্নয়ন

শারদ সংখ্যা ❁ সেপ্টেম্বর ২০১১

সম্পাদনা ঃ অরণি সেন

সংগ্রহ ঃ ৩০ টাকা

-ঃ সূচীপত্র ঃ-

ড়

সম্পাদকীয়			৩
সা(াৎকার	...	মহাশ্বেতা দেবীর সা(াৎকার	৫
জনস্বাস্থ্য	...	ভারতের জনস্বাস্থ্যের অতীত ও বর্তমান আমাদের কিছু কথা — জয়ন্ত ভট্টাচার্য্য	৬
আন্তর্জাতিক	...	Optional Health Care Financing Mechanisms for African Countries : What is Viable? – Claudio Schuftan	১৮
উন্নয়ণ প্রসঙ্গে	...	তেভাগা থেকে ভাট্টা পারসাল ঃ অমীমাংসিত জমির প্র(ে — অরণি সেন	২৭
স্বাস্থ্য নীতি	...	বর্তমান স্বাস্থ্য ব্যবস্থা ও মানবিক মূল্যবোধ — সুজিত কুমার দাশ	৩০
সমসাময়িকী	...	Gwangju Prize Acceptance Speech of Binayak Sen	৩৬
স্বাস্থ্য ব্যবস্থা	...	অনিশ্চিত 'নিশ্চয় যান', 'মাতৃ যান' উচাটন — গৌতম মৃধা	৪১
Obituary 1 :	...	Dr. Granado passes away – Arani Sen	৪৫
স্মরণিকা ২ ঃ	...	ডা দ্বারকানাথ কোটনিস — দীপাঞ্জন রায়	৪৬
স্মরণিকা ৩ ঃ	...	ডা সুজিত কুমার দাস — সম্পাদকমণ্ডলী	৪৮
স্মরণিকা ৪ ঃ	...	হরিপদ দাস — সম্পাদকমণ্ডলী	৪৯
স্বাস্থ্য ও পুষ্টি	...	পল হ্যারিসন পুরস্কার গ্রহণকালীন বক্তৃ(তা — বিনায়ক সেন	৫০
স্বাস্থ্য ও মানবাধিকার	...	স্বাস্থ্য ও মানবাধিকার — বিনায়ক সেন	৫৩
রোগ ও নিরাময়	...	ভাইরাল হেপাটাইটিস — প্রবীর পাল	৫৫
	...	কম্পিউটার থেকে চোখের রোগ — মলয় মৈত্র	৫৭
Mental Health & Education	...	Ragging in India – Comp : — Editorial Board	৬০
চিঠিপত্র	...	'The National Food Security Act'.	৬৫

সম্পাদকীয়

আত্মপ্রকাশ

প্রথমেই প্র(ু আসবে যে স্বাস্থ্য নিয়ে, শি(া নিয়ে, বেশ কিছু পত্রপত্রিকা রয়েছে তাহলে আবার কেন? স্বাস্থ্য নিয়ে যে পত্রিকাগুলি রয়েছে তা হয় তাত্ত্বিক যা বিভাগীয় জার্নাল ধরণের বা সরকারী বিজ্ঞপ্তি পূর্ণ অথবা জলসাধারণকে রোগ নিরাময় সংত্র(ান্ত উপদেশমূলক। শি(ার (েত্রেও বিভিন্ন দলীয়, বিভাগীয়, তাত্ত্বিক ও সরকারী প্রচার মূলক পত্রপত্রিকা চালু আছে কিন্তু স্বাস্থ্য বা শি(া নিয়ে অথবা স্বাস্থ্য ও শি(া নিয়ে সরকারী নীতি, কাঠামো ও প্রত্রি(য়া থেকে আরম্ভ করে সাধারণের কর্তব্য পর্য্যন্ত কিংবা সম্পূর্ণ স্বাস্থ্য ও শি(া নিয়ে সরকার ও নাগরিক উভয়ের এবং অন্যান্য সংস্থাগুলির কি করণীয় এই নিয়ে সামগ্রিক আবেদন (Holistic Appeal) সম্পন্ন পত্রপত্রিকার একান্তই অভাব।

দেশের ও সমাজের উন্নয়ন একান্ত কাম্য। কিন্তু সেই উন্নয়ন কোন পথে হবে? উন্নয়নের বিভিন্ন মডেল নিয়ে আন্তর্জাতিক সংস্থা, সরকার, প্-ানিং কমিশন, এন জি ও, বৃত্তিজীবীদের ও পেশাজীবীদের সংগঠন, বুদ্ধিজীবী এবং সাধারণের মধ্যে বিতর্ক ছিল, আছে ও থাকবে। বহু পরী(ানিরী(া, ব্যর্থতা-সাফল্য, অভিজ্ঞতার পর সাধারণভাবে সকলের জন্য দীর্ঘমেয়াদী ফলাফলসম্পন্ন উন্নয়নের (Inclusive and Sustainable Development) ধারণাটি উন্নতিশীল দেশগুলিতে জনপ্রিয়তা পেয়েছে। এর সাথে অবধারিতভাবে এসে পড়েছে সাধারণের (মতায়ণ, পরিবেশ সংর(ণ, দুর্নীতি-স্বজনপোষণ-আমলাতন্ত্র, ফসিল ফুয়েল জনিত শক্তি(র অবসান, বি(ায়নের প্রভাব, উদারনীতির সুফল-কুফল, প্রাকৃতিক ও মানব সম্পদের সঠিক ব্যবহার, গণতন্ত্র, মানবাধিকার, নারীমুক্তি(, যৌনস্বাধীনতা, সন্ত্রাসবাদ প্রভৃতি বিষয়গুলি নিয়ে আলোচনা, তর্ক, কোলাহল।

কিন্তু সাধারণের বোধগম্যভাবে এই উন্নয়নের গবেষণাগুলি, তত্ত্ব ও তথ্যগুচ্ছ কিংবা যাত্রাপথ নিয়ে কোন পত্রিকার অনুপস্থিতি প্রতিনিয়ত অনুভব হয়। আর সামগ্রিক স্বাস্থ্য, শি(া ও উন্নয়ন নিয়ে এই দিক নির্দেশ চোখেই পড়ে না। তাই স্বাস্থ্য, শি(া ও উন্নয়ন নিয়ে সমাজ ও জনমানসে প্রাথমিক আলোড়ন তোলার জন্যই **'স্বাস্থ্য-শি(া-উন্নয়নে'**র আত্মপ্রকাশ। স্বাস্থ্য, শি(া ও উন্নয়ন তিনটি পৃথক শব্দ ও বিষয় হলেও খুবই সংপৃক্ত(ও সং(ি-ষ্ট, একটির বিকাশ ছাড়া অন্যটির বিকাশ সম্ভব নয়। আর আমাদের সমাজের চিরস্থায়ী পশ্চাদপদতা কাটাতে এই তিনটি বিষয়ে সর্বাপে(া গু(ত্ব দেওয়া একান্ত প্রয়োজনীয়।

২০১০ সালে প্রথম, রাষ্ট্রপুঞ্জ মানব উন্নয়ন রিপোর্টে অভিবাসনকে উন্নয়নের সূচক হিসাবে গ্রহণ করেন। সমস্ত সূচক বিবেচনা করে ১৭৮ টি সদস্য দেশের মধ্যে শীর্ষ থাকা দশটি দেশ ছিল ঃ নরওয়ে, অস্ট্রেলিয়া, আইসল্যান্ড, কানাডা, আয়ারল্যান্ড, নেদারল্যান্ডস্, সুইডেন, ফ্রান্স, সুইজারল্যান্ড ও জাপান। প্রথম ১৬টি দেশের মধ্যে সব কটি স্ক্যানডিনেভিয়ান দেশ এবং প্রথম ২৫টি দেশের মধ্যে পর্তুগাল বাদে সমস্ত পশ্চিম ইউরোপের দেশ রয়েছে। ল(ণীয় অস্ট্রেলিয়া (২) ও নিউজিল্যান্ড (২০) ভাল স্থানে রয়েছে। উল্লেখযোগ্য দেশের মধ্যে মার্কিন যুক্ত(রাষ্ট্র (১৩), ব্রিটেন (২১), জার্মানী (২২), কিউবা (৫১), ব্রাজিল (৭৫), চীন (৯২) এবং ভারত (১৩৪)। জাপান ছাড়া এশিয়ান দেশগুলির মধ্যে সিঙ্গ াপুর (২৩) ও দ(িণ কোরিয়া (২৬) ভাল স্থানে আছে। মুসলিম দেশগুলির মধ্যে এগিয়ে আছে কুয়েত (৩১) এবং 'সার্ক' দেশগুলির মধ্যে শ্রীলঙ্কা (১০২)। আমরা এই উন্নত দেশগুলির ইতিবাচক অভিজ্ঞতা গ্রহণ করতে পারি। এর বাইরে গিয়েও কিউবার জনস্বাস্থ্যে, ব্রাজিলের দারিদ্রমোচনে, দ(িণ আফ্রিকার বর্ণবৈষম্য অবসান ও বহুজাতিক সরকার

গঠনে, চিলির গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায়, চীনের অর্থনৈতিক অগ্রগতির, জার্মানীর অপ্রচলিত শক্তি(র ে ত্রে, সুইজারল্যান্ড ও নিউজিল্যান্ডের পরিবেশ বান্ধব পর্যটনের সাফল্যগুলি আমরা বি(ে-ষণ করতে পারি।

দেশের মধ্যেও নারী শি(ায় কেরল, চিকিৎসায় তামিলনাড়ু-অন্ধ্র, তথ্যপ্রযুক্তি(তে কর্ণাটক, শিল্পে গুজরাট-মহারাষ্ট্র অর্থকরী-কৃষিতে পাঞ্জাব, সবুজায়ণে রাজস্থান, পরিবেশ বান্ধব পর্যটনে হিমাচল ও সিকিম, পরিবহনে অসম, পরিকাঠামো গঠনে মধ্যপ্রদেশ ও বিহার, রাজনৈতিক সুস্থিতির জন্য মিজোরাম, ত্রিপুরার মিড ডে মিলের, ত্রীড়ায় হরিয়াণা ও মনিপুরের উদ্যোগগুলি বিবেচনা করতে পারি। এই বছর প্রতিবেশী ভূটান সুখকে (Happiness) একটি সূচক হিসাবে অন্তর্ভূক্ত(করিয়েছে।

আপনাদের আর্শীর্ব্বাদ নিয়ে **'স্বাস্থ্য-শি(া-উন্নয়ন'** যাত্রা শু(করল। সমাজ, রাষ্ট্র ও পরিমন্ডলের চলমান মূল বিতর্কগুলিকে আমরা সংে(পে ও সহজবোধ্যভাবে তুলে ধরার চেষ্টা করব। চেষ্টা করব বিজ্ঞান ও প্রযুক্তি(গত গবেষণালব্ধ সুফলগুলি বিনিময় করতে। সঠিক নীতি, পরিকল্পনা ও কর্মকান্ডের রূপরেখা প্রস্তুত করতে এবং তা প্রয়োগের ে ত্রে সক্রি(য় অংশ নিতে। সরকার ও প্রশাসনকে সতর্ক ও সহযোগিতা করতে। সর্বোপরি ব্যাপক মানুষকে যুক্ত(করে পর্য্যাপ্ত, সার্বজনীন, কার্য্যকরী, গণমুখী ও পরিবেশ বান্ধব স্বাস্থ্য, শি(া ও উন্নয়নের ব্যবস্থা প্রবর্তনের লে(গণতান্ত্রিক আন্দোলন গড়ে তুলতে। **'স্বাস্থ্য-শি(া-উন্নয়নে'**র টলমল শৈশবে আপনাদের সকলের সজীব অংশগ্রহণ অত্যন্ত জ(রী। আপনাদের সকলকে শারদীয়া শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন জানাই। আপনারা দীর্ঘায়ু হোন, সকলে ভালো থাকুন, উন্নয়ন ও অগ্রগতির জোয়ার আসুক।

—— ● ——

❍ 'স্বাস্থ্য শি(া উন্নয়ন' মণিপুরের অসম সাহসিনী মানবাধিকার কর্মী **ইরম শর্মিলা চানুর** দীর্ঘ দশ বছরের অহিংস অনশন সত্যাগ্রহকে শ্রদ্ধা জানায়, মণিপুরে 'আর্মড ফোর্সেস স্পেশাল পাওয়াল অ্যাক্ট (আফস্পা)' প্রত্যাহারের দাবী জানায় এবং শর্মিলার সমর্থনে 'জষ্টিস ফর পিস ফাউণ্ডেশনে'র আন্দোলনকে সমর্থন জানায়।

❍ 'স্বাস্থ্য শি(া উন্নয়ন' **আন্না হাজারে** ও নাগরিক সমাজ কর্তৃক 'জন লোকপাল বিল', 'লোকাযুক্ত(', 'Right to Recall' নিয়ে জন আন্দোলনকে সমর্থন জানায় এবং সরকারের কাছে দাবী করে যে বিদেশী ব্যাঙ্কে র(িত সমস্ত কালো টাকা বাজেয়াপ্ত করতে হবে ও রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলি থেকে নেওয়া বিপুল পরিমাণ ঋণ শিল্পপতিদের অবিলম্বে শোধ করতে হবে।

❍ 'স্বাস্থ্য শি(া উন্নয়ন' Genetically Modified (GM) শস্যের অনুমোদনের জন্য রচিত Biotechnology Regulatory Authority of India (BRAI) বিল প্রত্যাহারের দাবীতে **'গ্রীন পিস'** আন্দোলনকে সমর্থন করে।

সা(াৎকার —

মহাশ্বেতা দেবীর সা(াৎকার

[আমরা উপস্থিত হয়েছি 'হাজার চুরাশীর মা', 'অরণ্যের অধিকার', 'বসাই টুডু', 'চেট্টি মুন্ডা ও তার তীর', '(দালী', 'তিতুমীর' প্রমুখ কালজয়ী উদ্দীপনাময় গ্রন্থের রচয়িতা বিখ্যাত সাহিত্যিক মহাশ্বেতা দেবীর কাছে কয়েকটি প্র(ে নিয়ে। 'ম্যাগসাইসাই', 'পদ্মভূষণ', 'আকাদেমী', 'জ্ঞানপীঠ', 'বঙ্গবিভূষণ' অসংখ্য সম্মানে ভূষিতা মহাশ্বেতা দেবী শুধু একজন প্রথিতযশা সাহিত্যিকই নন তিনি আদিবাসী, ভূমিজ, অন্ত্যজ, দরিদ্র মানুষের আর্থ-সামাজিক পরিবর্তনের লড়াইয়ের একজন সত্রি(য় সংগঠক। 'যুবনাশ্ব' মনীশ ঘটকের কন্যা, ঋত্বিক ঘটকের ভ্রাতুষ্পুত্রী, বিজন ভট্টাচার্য্যের স্ত্রী, নবা(ন ভট্টাচার্য্যের মা অশীতিপর মহাশ্বেতা দেবী যেখানে যত অন্যায় ধারাবাহিক ভাবে তার তীব্র প্রতিবাদী। এককথায় বাংলার জাগ্রত বিবেক। তিনি তাঁর স্বভাবসুলভ বলিষ্ঠ অথচ আন্তরিক ভাষায় আমাদের প্রতিটি প্র(ের উত্তর দিয়েছেন। - - - - - - সম্পাদকমণ্ডলী]

প্র(ে ১৯৪৭-র পর ভারত সরকার স্বাস্থ্য নিয়ে বেশ কিছু প্রকল্প ও কর্মসূচী ঘোষণা করেছেন। সেগুলি কতটা কার্য্যকরী হয়েছে?

উত্তর আমি আমার দেশকে যতটুকু দেখেছি, এইসব সুবিধার ছিটেফোঁটাও প্রত্যন্ত অঞ্চলে জনজাতিগুলির মধ্যে পৌঁছয় নি। তারা অনাহার, অপুষ্টি, অশি(া, পাণীয় জলের অভাব, স্বাস্থ্য ও চিকিৎসার অভাব, এইসব নিয়েই বসবাস করছেন। পশ্চিমাঞ্চলের আদিবাসী অধ্যুষিত এলাকা, চা-বাগান, খাদান, সুন্দরবন, চর, উপকূল ও ভাঙ্গনপ্রবণ এলাকায় পরিস্থিতি আরও খারাপ।

প্র(ে এইসব পশ্চাৎপদ এলাকার জনস্বাস্থ্য সম্পর্কে কিছু বলুন।

উত্তর আমি আদিবাসী-জনজাতিদের কখনও পশ্চাৎপদ বলি না। তাদের রয়েছে উন্নত ঐতিহ্য, সভ্যতা ও সংস্কৃতি। তারা শরীরকে নীরোগ রাখার অনেক উপায় নানারকম বনৌষধি ব্যবহার জানে যা আমরা জানি না। এগুলিকে নানা কায়দায় ধ্বংস করে দেওয়া হচ্ছে। আমলাশোলে কেন মৃত্যু হয়েছিল জানেন? সেখানে আদিবাসীদের জঙ্গলে ঢুকতে দেওয়া হয়নি, যে জঙ্গল থেকে খাদ্য সংগ্রহ করে তারা বেঁচে থাকেন।

প্র(ে তথাকথিত জঙ্গলমহলের উন্নয়ন নিয়ে অনেক কিছু শোনা যাচ্ছে, এই বিষয় নিয়ে আপনার মতামত কি?

উত্তর অবিলম্বে এই সার্কাস বন্ধ হোক।

প্র(ে তাহলে ঐ অঞ্চলের স্বাস্থ্যের উন্নতি নিয়ে আমরা কি করতে পারি?

উত্তর আপনারা গ্রামে গিয়ে মেডিক্যাল ক্যাম্প করতে পারেন। ত(ণ চিকিৎসকদের উদ্দীপিত করতে হবে। সব জায়গায় স্বাস্থ্য কেন্দ্র নেই, তাছাড়া সেগুলি ভালভাবে চলে না। আপনারা স্বাস্থ্য শি(া দেবেন, সচেতন করবেন, রোগের চিকিৎসার ব্যবস্থা করবেন, জ্বর-জ্বালার ওষুধ দেবেন। ঐসব ভিটামিন-টনিক ইত্যাদি দেওয়ার দরকার নেই। শি(ার উপর খুব জোর দিতে হবে। একবার আমরা তিনমাস খেড়িয়া শবরদের মধ্যে শি(াত্র(ম চালিয়ে তাদের জিজ্ঞেস করেছিলাম, 'তোমাদের কি লাভ হল?' 'মা আমাদের একটা লাভ হয়েছে, ডাইন নাই আমরা ডাইনীকে তাড়াতে পেরেছি।

প্র(ে পত্রিকার মাধ্যমে আমরা কি করতে পারি?

উত্তর অনেক কিছু করতে পারেন। খুব সহজ বাংলায় লিখতে হবে। প্রয়োজনীয় বিষয়গুলি নিয়ে লিখতে হবে। ব্যাপক মানুষর কাছে পৌঁছে দিতে হবে।

ভারতে জনস্বাস্থ্যের অতীত ও বর্তমান

আমাদের কিছু কথা

— জয়ন্ত ভট্টাচার্য

স্বাস্থ্য নিয়ে আমাদের মাথাব্যথা থাকলেও রাষ্ট্রপুঞ্জ তৈরী হবার সময়ে, অর্থাৎ ১৯৪৫ সাল ও তার আগের কথা বলছি, বিশ্বের তাবড় দেশগুলোর এ নিয়ে খুব মাথাব্যথা ছিলো বলে মনে হয় না। প্রথম বিশ্বযুদ্ধের পরে যখন League of Nations তৈরি হচ্ছে সেসময়কার draft-এ স্বাস্থ্য একটি "Forgotten" বিষয় ছিলো। একেবারে শেষ মুহূর্তে এ শব্দটির প্রবেশ ঘটে। অ্যাড হক ভিত্তিতে United Nations Conference (San Fransisco, 1945) -এ স্বাস্থ্যকে বিষয় হিসেবে আলোচনায় আনা হয়। এ তথ্যের জন্য অনেক বড়ো পন্ডিত হবার প্রয়োজন নেই। MBBS স্তরের পাঠ্য বই *Park's Preventive and Social Medicine* (2011, p. 12) দেখলেই চলবে। এই "forgotten" বিষয় আন্তর্জাতিক পুঁজি, বিশ্ব-বাণিজ্যের নানা টানাপোড়েন, আধুনিক বিশ্বের governance ও biopolitics-এর বিভিন্ন অনুষঙ্গ এর মাঝে জুড়ে আছে। [একটুখানি মার্জনা চেয়ে নেবার মতো পরিস্থিতির উদ্ভব হয়েছে। যেসব বিদেশি পত্র-পত্রিকার প্রবন্ধের উল্লেখ করেছি সেগুলো অনুবাদ না করে ইংরেজিতেই রেখে দিয়েছি। অনুবাদের স্বাধীনতা পাঠকের।]

চিকিৎসার জ্ঞান-বাজারের দান

কথার শুরুতে দু-একটি তথ্য জানিয়ে রাখতে আলোচনায় প্রবেশ করতে সুবিধে হবে। আমরা ইচ্ছে করে কয়েক বছর আগেকার তথ্য জানাচ্ছি। আধুনিক সময়ের তথ্য আরো বিপজ্জনক।

প্রথম তথ্য জানাচ্ছে ওষুধ কোম্পানিগুলোর বদান্যতায় কিভাবে আগে ওষুধ তৈরী হয়, পরে রোগের লাগসই নাম তৈরী হয় সে সংক্রান্ত। এ ব্যাপারে ১৪ মে, ২০০৪-এ *নিউইয়র্ক টাইমস*-এর মতো কট্টর রাষ্ট্র-পন্থী পত্রিকায় মার্গারেট ট্যালবটের প্রতিবেদন উল্লেখযোগ্য। ট্যালবট জানিয়েছেন কিভাবে praxitin বলে একটি ওষুধ আগে ল্যাবরেটরিতে তৈরি করে ফেলা হয়েছে, তার পরে ক্যামিলা পার্কার বোলস বা রিকি উইলিয়ামস-এর মতো সেলিব্রিটিদের দিয়ে ঢালাও লাগাতার প্রচার চালিয়ে সে ওষুধ বাজারে এসেছে এবং চিকিৎসকদের উপঢৌকন দিয়ে বিক্রী করে কয়েক মিলিয়ন ডলারের ব্যবসা করেছে ওষুধ কোম্পানিগুলো। আরো গুরুত্বপূর্ণ হল, একটি নতুন রোগের নাম সৃষ্টি হয়ে গেল - shyness syndrome. এ বিষয়ে অনুসন্ধিৎসু পাঠকদের *ব্রিটিশ মেডিক্যাল জার্নাল*-এর ১৩ এপ্রিল, ২০০২-এর সংখ্যাটি দেখে নিতে বলবো। (Roy Moynihan, lona Heath, David Harvey, "Selling sickness : the pharmaceutical industry and disease mongering". এ ছাড়া এক-ই সংখ্যায় Peter G. Gotzsche, *Commentary : Medicalization of risk factors)* এর সঙ্গে দেখে নিতে হবে এক-ই পত্রিকার ৩ আগষ্ট ২০০২ সংখ্যা। সেখানে আরেকটি গুরুত্বপূর্ণ প্রবন্ধ লিখেছেন রয় ময়নিহান "Celebrity Selling" শিরোনামে। আমরা স্মরণে রাখবো চিকিৎসকেরাও এরকম একটি প্রবল শক্তিশালী বাজারের প্রভাবাধীন। ফলে চিকিৎসকদের চিকিৎসার রীতি, প্রকরণ, পদ্ধতির মধ্যে বাজারের তথা ওষুধ কোম্পানীগুলোর প্রভাব লক্ষ্যণীয় ভাবে কাজ করবে এটা অভাবনীয় কিছু নয়। আমাদের বরঞ্চ প্রশ্ন করা উচিৎ কি ভাবে ব্যক্তিগত এবং সামাজিক স্তরে এর বিরুদ্ধে প্রতিরোধের কার্যকরী ক্ষেত্রগুলো খুঁজে বের করা যায়।

এবার আরো সাম্প্রতিক কিছু কাহিনী বলা যাক। এরিকা চেক (Erica Check) বিখ্যাত *নেচার পত্রিকার* প্রবীন সাংবাদিক। আমেরিকা থেকে প্রকাশিত *ফরেন পলিসি* পত্রিকার জুলাই-আগস্ট ২০০৬ সংখ্যায় Quest for the Cure বলে একটি প্রবন্ধ লিখেছেন। তিনি জানাচ্ছেন, ১৯৭৫ থেকে ২০০৪-এর মধ্যে যে ১৫৫৬ টি ওষুধ আবিষ্কৃত হয়েছে এর মাত্র ১%-এর ব্যবহার বিভিন্ন অবহেলিত বা টিবি-র মতো অসুখের জন্য। যখন এইডস্-এর মতো রোগের জন্য কোটি-কোটি ডলার ব্যয়িত হচ্ছে হাসপাতালের দৃষ্টিকোণ থেকে, তখন রোগীর বাস্তব প্রায় কখনোওই আমাদের কাজে ধরা দেয় না। চিকিৎসকের বাস্তব আর চিকিৎসার বাস্তব ভীষণ পৃথক হয় যায়।

আরো সাম্প্রতিক পর্যবে(ণের কথা ভাবা যেতে পারে। সুসার ব্লক এবং অ্যানড্রু বিলিং-এর লেখা "Learning from Dying" প্রবন্ধটির কথা বলি। প্রবন্ধকারের প্র(করেছেন, আমাদের চারপাশে রোগীদের বুঝতে গিয়ে যে model of detachment-এর মধ্য দিয়ে আমরা যাই সেখানে চিকিৎসকেরা "how they can be healers, even in the face of terminal illness." ওঁদের মন্তব্য, "Unfortunately, the 'hidden curriculum' of contemporary medicine - especially the hurried, disease-centered,impersonal, high-thorough-out clinical years - stil tends to undermine the best interests of students and faculty members and the best interests of patients and families." (*নিউ ইংল্যান্ড জার্নাল অব মেডিসিন* ২০০৫ ৫ সেপ্টেম্বর, ১৩১৩-১৩১৫) এক-ই সংখ্যায় রেনি ফক্স তাঁর "Cultural Competence and the Culture of Medicine"-এ প্র(তুলছেন - এরকম পাঠ্য বই-ঠাসা চিকিৎসা শি(ার জগতে সত্যি-ই কি মানবিক হয়ে ওঠার কোনো সুযোগ আছে?

''মেডিক্যাল হিউম্যানিটিস'' বা ''ন্যারিটিভ মেডিসিন'' -এর মতো পাঠ্যত্র(ম তৈরি হচ্ছে। 'মেডিক্যাল হিউম্যানিটিস' বলে একটি আলাদা পত্রিকা নিয়মিত প্রকাশিত হচ্ছে কয়েক বছর ধরে। এ(ত্রে আমাদের দেশের শি(াত্র(ম শতযোজন দুরে। এখনো এখানে প্রধানত সাবেকি আমলের পঠন-পাঠন অনুসরণ করা হয়। ফলত মানবিক চিকিৎসক হিসেবে যাঁরা আত্মপ্রকাশ করেন তাঁরা নিজেদের আদর্শগত অবস্থান বা ব্যক্তি(গত চরিত্রের গুণে করেন। শি(াত্র(মের কোনো কৃতিত্ব আমি অন্তত এখানে খুঁজে পাই না। এবং আধুনিক চিকিৎসার আভ্যন্তরিন কাঠামোর মধ্যে মানবিক হয়ে ওঠার উপাদান প্রায় নেই বললেই চলে।

বছর পাঁচেক আগে নিউ ইংল্যান্ড জার্নাল অব মেডিসিন-এ বারবারা জে ম্যাকনিল একটি প্রবন্ধ লিখেছিলেন "Hidden Barriers to the Improvement of Health Care". এ প্রবন্ধ প্রকৃতপ(২০০১-এর গু(ত্বপূর্ণ বাৎসরিক ''শাটক লেকচার''। সে প্রবন্ধে তিনি জানান, "Uncertainty can be interpreted not only as lack of convincing evidence but also as impaired access to convincing evidence... *Uncertainty* influences virtually all of medical decision making...The lack of data persists despite enormous efforts to improve clinical decision making... The well-reported underrepresentation of *women* in clinical trials similarly limits informed decision making...the results of clinical studies suggest that *varying* perceptions of the same data can lead to *different* clinical *decisions*." সব শেষে তাঁর সিদ্ধান্ত হল, "Once we know more definitively what to do for our patients and at what cost (average and marginal), we will have a clearer road map for thinking about priorities..." (বারবারা জে ম্যাকনিল, *নিউ ইংল্যান্ড জার্নাল অব মেডিসিন,* ২১ নভেম্বর ২০০১, পৃ ১৬১২-১৬২০)

কি কি বললেন ম্যাকনিল? প্রথমত, চিকিৎসার প্রায় সমস্ত শাখাতে অনিশ্চয়তা একটি উল্লেখযোগ্য বিষয়, দ্বিতীয়ত, অনিশ্চয়তার দ(ণ সার্বজনীনভাবে সঠিক প্রমাণ নির্ভর কোনো চিকিৎসার কথা বলা প্রায় দুঃসাধ্য একটি কাজ তৃতীয়ত, চিকিৎসকের বোধের পার্থক্যের জন্য এক-ই তথ্যের ভিন্ন ভিন্ন ব্যাখ্যা সম্ভব চতুর্থত, লিঙ্গ-বৈষম্যের জন্য যে সব তথ্য

সংগৃহীত হয় সেগুলো পুরো নির্ভরযোগ্য নয়। এবং সবশেষে সিদ্ধান্ত নিচ্ছেন, রোগীর বিশেষ অবস্থানের ওপর নির্ভর করে চিকিৎসার অগ্রাধিকার ঠিক করতে হবে। এ ছাড়া আরো অনেক আলোচনা রয়েছে প্রবন্ধটিতে - যেমন, ভিন্ন দৈহিক এবং জন্মগত অবস্থানের জন্য এক-ই ওষুধের বিভিন্ন ফলাফল, বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশের জন্য চিকিৎসার ফলাফলের বিভিন্নতা ইত্যাদি। ম্যাকনিলের কথার সুত্র ধরে বলবো প্রমাণ নির্ভর চিকিৎসার প্রতি আমাদের যে আচ্ছন্নতা বোধ কাজ করে তার অনেকটা বিপরীতে ম্যাকনিলের বক্তব্য। এ ছাড়া পলিটিকস অব এভিডেন্স-বেসড মেডিসিন নিয়েও প্রচুর লেখালেখি হচ্ছে। ফলে EBM (Evidence-Based-Medicine)-এর মিথ এখন অনেকটাই দুর্বল।

এতসব বিভিন্নতার মাঝে আমরা, প্রথম দুনিয়ার চিন্তায় সমৃদ্ধ মাথা নিয়ে কাজ করা তৃতীয় দুনিয়ার চিকিৎসকেরা কত সহজে এক-ই রোগের শ্রেণী-ভূক্ত সমস্ত রোগীর জন্য (এরা কেউ আমাদের কাছে ব্যক্তি বা প্রকৃত মানুষ নয়, কেবলমাত্র রোগী) গত ১৫০ বছরে চিকিৎসার জগতে যে পরিবর্তন হয়েছে তার মধ্যে গুরুত্বপূর্ণ হল - ব্যক্তি চিকিৎসক রোগীর গৃহে গিয়ে চিকিৎসার যে দায়িত্ব নিতেন তার পরিবর্তে একটি জটিল, থাকবদ্ধ, প্রযুক্তি-নির্ভর, পেশাদার চিকিৎসক ও চিকিৎসাকর্মী-সমৃদ্ধ চিকিৎসা ব্যবস্থা। (সূত্র "Tavistock Group ; A shared statement of ethical principles for those who shape and give healthcare", *British Medical Journal*, 1999; 318 : 249-51.) এসব কিছুর যোগফলে যে সব মানুষ একসময় নিজেদের বিভিন্ন শারীরিক সমস্যা নিজেরা সামলে নিতেন তারা এখন অনেক বেশী চিকিৎসকদের শরণাপন্ন হচ্ছেন - "an unquestioning media and drug companies turn everything into a *'disease'* in need of treatment." এ মন্তব্য আমার নয়, *অবসার্ভার* পত্রিকার নামী সাংবাদিক অ্যান্টনি ব্রাউনের। (Observer, Sunday, April 14 2002). এ ছাড়া আগে আলোচিত রয় ময়নিহানের লেখা আরেকটি গুরুত্বপূর্ণ প্রবন্ধ "The making of a disease : female sexual dysfunction" থেকে একটুখানি উল্লেখ করি, " The corporate sponsored creation of a disease is not a new phenomenon, but the making of female sexual dysfuction is the freshest, clearest example we have." (*ব্রিটিশ মেডিক্যাল জার্নাল*, ৪ জানুয়ারি ২০০৩, ৪৫-৪৭)। ১৯৯৮ সালে *ভায়াগ্রা* বলে পুরুষদের জন্য বিশেষ ওষুধটি আবিষ্কার হবার পর থেকে ২০০৩ পর্যন্ত ১ কোটি ৭০ লক্ষ পুরুষের জন্য এ ওষুধ লেখা হয়েছে - ফলাফল যা হোক না কেন। এতে *ফাইজার কোম্পানী*-র ২০০১ সালের বিক্রীর পরিমাণ ১৫০ কোটি পাউন্ড।

এরকম ফলাফলে উৎসাহিত হয়ে ওষুধ কোম্পানীগুলোর এবার প্রয়োজন "To build similar markets for drugs among women, companies first require a clearly defined medical diagnosis with measurable characteristics to facilitate credible clinical trails. Over the past six years the pharmaceutical industry has funded, and its representatives have in some cases attended, a series of meetings to come up with just such a definition." ফলে কোটি কোটি টাকার কারবারি অতি-বৃহৎ ওষুধ কোম্পানীগুলোর পক্ষে female sexual dysfunction-এর মতো একটি অসুখের জন্ম দেয়া নিতান্ত জরুরী হয়ে পড়ে। এ প্রসঙ্গে আবার একটি উদ্ধৃতি, তা-ও আরেকবার ইংরেজিতে, দেবার লোভ সামলাতে পারছিনা (পাঠকেরা মাফ করবেন আশা রাখি), "The potential risk, in a process so heavily *sponsored* by drug companies, is that the *complex* social, personal, and physical causes of *sexual difficulties* and the range of solutions to them will be swept away in the rush to diagnose, lavel, and prescribe. Perhaps the greatest concern comes from the flip side of inflated estimates of disease prevalence the ever-narrowing definitions of 'normal' which help turn the complaints of the *healthy* into the

conditions of the *sick.*" চিকিৎসা এবং চিকিৎসকের হাত ধরে মুছে যেতে শু(করে healthy এবং sick-এর মধ্যেকার সীমারেখা। এজন্য normal-কে নতুন চেহারায় সঙ্গায়িত বা নির্ধারণ করে নেবার প্রয়োজন পড়ে। আর পুরো প্রত্রি(য়াটিতে মধ্যস্থতাকারী হিসেবে থাকে অতি-বৃহৎ ওষুধ কোম্পানিগুলো।

Healthy এবং sick, এই দুই binary-র মাঝে স্বাস্থ্য বা health-এর অবস্থান - কোন স্বয়ং-সম্পূর্ণ সত্তা হিসেবে নয়, বিভিন্ন-মুখী স্বার্থের টানাপোড়েন এর চেহারা নির্দ্ধারিত হয়।

স্বাস্থ্য ও রাজনীতি

অমর্ত্য সেনের সাম্প্রতিক বক্ত(ব্য বোধ করি অনেক শি(িত মানুষকে ভাবিত করেছে। তাঁর বক্ত(ব্য অনুযায়ী স্বাস্থ্য প্রকৃতপ(একটি রাজনেতিক প্রোগ্রামের মধ্যে পড়ে। কথাটি খুব নতুন নয়। বিখ্যাত জার্মান প্যাথলজিস্ট, বৈজ্ঞানিক এবং রাজনৈতিক ব্যক্তি(ত্ব (ডলফ ভিরকাও বা ভিরশো (Rodolf Virchow) ১৮৪৮ সালে জার্মানির আপার সাইলেসিয়া অঞ্চলে টাইফাস রোগের কারণ অনুসন্ধান করে ৪টি খণ্ডে "Report on the Typhus Epidemic in Upper Silesia" প্রকাশ করেন। সে রিপোর্টে তিনি বলেন — "Medicine is a social science, and politics is nothing but medicine on a large scale." অর্থাৎ, একটু নজর করলে বুঝবো, প্রায় ১৬৫ বছর হলো মেডিসিন এবং স্বাস্থ্যকে রাজনীতির অংশ হিসেবে ধরা হচ্ছে। আমরা না হয় একটু পেছনে হাঁটছি। তার মানে তো এটা নয় যে বিষয়টি শি(িত জগতের চর্চার মধ্যে নেই। প্রসঙ্গত উল্লেখযোগ্য, *Journal of Epidemiology and Community Health*-এর আন্তর্জাতিক পত্রিকার আগস্ট ২০১১-র সংখ্যাটির বিষয় হলো — Politics, primary healthacre and health : was Virchow right ?

এবার আমরা ভারতের জনস্বাস্থ্যে সরাসরি প্রবেশ করি।

ভারতে জনস্বাস্থ্যের অতীত ও বর্তমান

জনস্বাস্থ্য শব্দটি দুটি শব্দের যৌগপদ - এতো সবার জানা কথা। এটাও সবার জানা যে এ শব্দটি আমরা গ্রহণ করেছি ইংরেজি public health -এর প্রতিশব্দ হিসেবে। গ্রহণ না করে উপায় নেই। আবার গ্রহণ করার মাঝেও কিছু সমস্যা লুকিয়ে আছে। এ নিয়ে একটুখানি কথা বলে মূল আলোচনায় প্রবেশ করা হবে। ২৭শে জানুয়ারি ২০১১-তে প্রকাশিত এ মুহূর্তে পৃথিবীর সবচেয়ে মান্য মেডিসিনের জার্নাল *New England Journal of Medicine*-এ প্রকাশিত প্রবন্ধ "Public Health in Haiti - Challenges and Progress"-এ বলা হচ্ছে - Nevertheless, long-standing public health problems remain. Efforts to improve roads to reduce traffic injuries, provide lifesaving community and obstetrical services, and repair, upgrade, or build safe water and sanitation systems are just beginning to be scaled up. প্রবন্ধের শেষে পর্যবে(ণটি এরকম "Political stability will be essential, and a central challenge will be to train and employ an adequate public health workforce to carry on the work of the small cadre of public health leaders..."

উপরের আলোচনা থেকে সহজবোধ্য যে public health-এর সাথে জড়িয়ে আছে রাস্তা-ঘাটের অবস্থা থেকে পাণীয় জল, স্যানিটারি ব্যবস্থা থেকে রাজনৈতিক সুস্থিরতা ইত্যাদি সবকিছুই অন্তর্গত হয়ে আছে জনস্বাস্থ্যের বাস্তবায়নের মাঝে। এর অর্থ হল জীবনের প্রতিটি ((ত্র আনাচ-কানাচ মেডিসিনের নজরদারির মধ্যে চলে এলো, যাকে বলা হয় ''মেডিক্যালাইজেশন অব লাইফ''। কলকাতা আধুনিক উপনিবেশিক নগর হয়ে গড়ে ওঠার যুগে জনজীবনকে হাসপাতাল ও মেডিসিনের নজরপথে নিয়ে আসার জন্য প্রবর্তিত ''ভবঘুরে আইন'', "Lunacy Act" ইত্যাদির কথা আমাদের স্মরণে আসবে আশা করি। রাষ্ট্র ও স্বাস্থ্যের অনিবার্য সম্পর্ক বোঝাতে ১৭৭৯ সালেই জার্মাণ চিকিৎসক যোহান পিটার

ফ্রাঙ্ক ব্যবহার করেছিলেন বিখ্যাত সে শব্দটি-বন্ধটি Medical Police, তাঁর *A System of Complete Medical Police* গ্রন্থে। ৯টি খন্ডে বিভক্ত(এ গ্রন্থের ৪র্থ অংশের তৃতীয় অধ্যায়ে ফ্রাঙ্ক বলছেন - In dealing with this important subject of Medical Police, I must refer to all that I have said elsewhere about necessary cleanliness of the air... of large towns, etc.. so that now I can lecture on pertinent matters... public health cure is necessary. (*A System of Complete Medical Police : Selections from Johann Peter Frank, ed.,* Erna Lesky, Johns Hopkins University Press, Baltimore, Maryland, 1976, p. 183)

একেবারে ভিন্ন একটি বিষয়ের অবতারণা করি এখন। ইংরেজিতে যাকে আমরা গ্রামার বলি বাংলায় সেটা ব্যাকরণ। দুটো কি এক? হরপ্রসাদ শাস্ত্রী বলেছিলেন - সংস্কৃত ব্যাকরণ শব্দের অর্থ *ব্যাত্রি(য়ন্তে ব্যুৎপদন্তে শব্দা আনেন* - অর্থাৎ ইটিয়লজি - ডেরিভেশন। বাস্তবিকই মুগ্ধবোধাদিতে পদটি তৈয়ার করিয়া দেওয়া পর্যন্ত ব্যাকরণের কার্য... *ব্যাকরণ* শুদ্ধ Aetiology মাত্র সেই ব্যাকরণকে grammar-এর ল(ণে লি(ত করা উচিত কি না, সহজেই বোধ করা যাইতে পারে। (ঋণ স্বীকার পবিত্র সরকার - ব্যাকরণ মানে কি, *প্রসঙ্গ বাংলা ব্যাকরণ* ২, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, ২০০৬) অর্থাৎ সংস্কৃত থেকে আহরিত বাংলা ব্যাকরণ শব্দটিকে ইংরেজি গ্রামার শব্দটি নিজের মতো করে পুনর্গঠিত করে নিয়েছে। এ(ত্রে মূল ব্যাকরণ শব্দের আভ্যন্তরীন ব্যঞ্জনা বদলে গেল। ব্যাকরণের বাইরে প্রাকৃতিক জগতে আসি। মূল সংস্কৃতে *জাঙ্গল* শব্দটি ব্যবহৃত হয়েছে এমন এক অঞ্চল যেখানে ভূমি ((, গুল্ম বা কাঁটা জাতীয় উদ্ভিদ জন্মায়। এর বিপরীতে রয়েছে *অনূপ* শব্দটি যার অর্থ জলাভূমি। মনিয়ের-উইলিয়ামসের সংস্কৃত-ইংরেজি অভিধান জানাচ্ছে জাঙ্গল শব্দের অর্থ - arid, sparingly grown with trees and plants (though not unfertile)। আমরা দেখছি এ শব্দটি কিভাবে বনভূমি বা ফরেস্ট-এর সমার্থক হয়ে উঠলো। অক্সফোর্ড ইংলিশ ডিকশনারি বলছে - The change in Anglo-Indian use may be compared to that in the historical meaning of the word forest in its passage from a waste or unenclosed tract to one covered with wild wood. In the transferred sense of jungle there is apparently a tendency to associate it with tangle. এ বিষয়ে চমৎকার আলোচনা করেছেন ফ্রানসিস জিমারম্যান তাঁর *The Jungle and the Aroma of Meats* (Motilal Banarsidass, 1999) গ্রন্থে। তিনি মন্তব্য করছেন - The Hindi name *terai* ("marshy lands") - the exact semantic equivalent of the Sanskrit *anupa* - now becomes the aberrant synonym of jungle. (Ibid, p. 15)

আরেকটি শব্দ যা আমাদের আলোচনার প্রধান বিষয় তা হল *স্বাস্থ্য*। আয়ুর্বেদের বাইরেও রামায়ণ মহাভারত সহ প্রায় সমস্ত সংস্কৃত গ্রন্থে স্বাস্থ্য ও স্বস্থ শব্দের ব্যবহার পাওয়া যায়। স্বাস্থ্য-র সংস্কৃত অর্থ হল স্ব-তে স্থিত হওয়া বা ফিরে আসা। মিরো(হারা তাঁর "A Note on the Sanskrit Word Svastha" (*European Journal of Ayurvedic Society 4,* 1995, pp. 53-87) প্রবন্ধে এ বিষয়ে বিশদে অত্যন্ত মনোজ্ঞ আলোচনা করেছেন। তাঁর কথায় - It implies not only a healthy physical condition, but also a serene state of mind The usage, however, is not limited to the state and condition of individual human beings, but is extended to those of the state and government.

এ সমস্ত আলোচনা থেকে অন্তত একটি প্রাথমিক বোধে পৌঁছনো যেতে পারে যে *Alma Ata* সম্মেলনের মধ্য দিয়ে জন্ম নেওয়া health-এর বি(্রজনীন ধারণার সাথে ভারতীয় স্বাস্থ্যের ধারণার একটি মূলগত অমিল আছে। যদিও বলার অপে(া রাখে না, স্বাস্থ্য ও health সমার্থক হয়ে পড়েছে। আরেকটি প্রসঙ্গ উত্থাপন করে এ প্রাথমিক আলোচনায় যতি টানা যেতে পারে। আমাদের সাধারণ বোধ-বুদ্ধিতে বুঝি, আয়ুর্বেদে স্বাস্থ্য নিয়ে সবচেয়ে বেশী আলোচনা হবার কথা। এবং বাস্তবে তা হয়েছেও। আয়ুর্বেদ কিন্তু প্রকৃত অর্থে কোন চিকিৎসা বিজ্ঞান নয়। একজন মানুষের আয়ু অর্থাৎ

দীর্ঘজীবিতা নিয়ে আলোচনা হয়েছে এ শাস্ত্রে। প্রত্যাশিতভাবেই আয়ুর্বেদ শাস্ত্রের আলোচনার প্রধান অংশ ব্যয়িত হয়েছে মানুষের চিকিৎসা সংত্র(ান্ত বিষয়ে। আয়ুর্বেদের ইতিহাস প্রায় ২৫০০ বছরের। ফলে বৃটিশ শাসনের ২০০ বছর বাদ দিলে পুরো সময়কাল জুড়ে আয়ুর্বেদে আলোচিত জীবনাচরণের বোধ নির্মাণ করেছে ভারতীয় সত্তা বা subjectivity। অনেকের জানা চরক-সংহিতার পরিচিত ((-াক - *হিতাহিতং সুখং দু খমায়ুস্তস্য হিতাহিতমম / মানঞ্চতচ্চ যত্রোত্র(মায়ুর্বেদ স উচ্চতে* (সূত্রস্থান - ১।৪১) এর অর্থ - আয়ু চার প্রকার। হিতায়ু , অহিতায়ু , সুখায়ু ও দু খায়ু। অর্থাৎ, সহজ করে বললে, আয়ু সংত্র(ান্ত যে সব বিষয় এবং তার পরিমাণ ও স্বরূপ নির্ণয় যে শাস্ত্রে আছে তাকে আয়ুর্বেদ বলে। এ প্রসঙ্গে এসেছে ঋতু, দিন ও জীবনের বিভিন্ন পর্যায়ে একজন মানুষ কিভাবে জীবন যাপন করবে (বিবাহিত যৌন জীবন সহ), সন্তান ধারণ ও প্রতিপালন করবে, প্রকৃতির সাথে ভারসাম্য রেখে প্রকৃতিকে লঙ্ঘন না করে চলবে, শি(ার ধরন কেমন হবে ইত্যাদি সমস্ত নৈতিক, প্রাত্যহিক, পারলৌকিক বিষয় এর মাঝে অন্তর্ভূত্ত(হয়েছে। সর্বজনমান্য পন্ডিত ও আয়ুর্বেদজ্ঞ পি ভি শর্মা এক কথায় বলছেন - In fact Ayurveda is not a system of medicine but a dynamic philosophy of life by which one can attain healthy individual and social life so as to perform the functions efficiently and blissfully, at the end to attain perfect bliss of liberation. *(Essentials of Ayurveda,* Motilal Banarsidass, 1998, p. xliv)

আবার চরক-সংহিদা - *প্রাণৈষণা ধনৈষণা পরলোকৈষণেতি /* (সূত্রস্থান - ১১।৩) আকেত স্থানে উল্লেখিত - *প্রাণপরিত্যাগে হি সর্ব্বত্যাগ । তস্যানুপালনং স্বস্থস্য স্বস্থবৃত্তিরাতুস্য বিকারপ্রশমনে হপ্রমাদ /* (সূত্র - ১১।৪) এর সরল অর্থ হল - কেন না প্রাণত্যাগেই সর্বত্যাগ। সর্বাগ্রে প্রাণানুপালন করা বিশেষ কর্তব্য। সুস্থ অবস্থায় স্বাস্থ্যর(া দ্বারা এবং অসুস্থ হলে উপে(া না করে রোগ শান্তি দ্বারা প্রাণানুপালন করা হয়। বোঝা যাচ্ছে, প্রাণ, ধন ও পরলোকের সাথে রোগ এবং চিকিৎসা যুত্ত(হয়ে তৈরি হল আয়ুর্বেদের পরিসর ও পাঠের কাঠামো। শুধু তাই নয়। এ শাস্ত্র আলোচনার সাথে জড়িয়ে আছে রাজধর্ম, সামন্ত ও কৃষি-প্রথা নির্ভর এক সমাজবোধের ভিত্তিভূমি। এবং সর্বোপরি, আয়ুর্বেদ অত্যন্ত দৃঢ়ভাবে পু(ষতান্ত্রিক নজরদারির নির্ভুল দ্যোতক। এ সব সত্বেও এ বিষয়টি নিয়ে কথা খরচ করার কারণ হল, এ চিকিৎসা ব্যবস্থা প্রাক-বৃটিশ ভারতের স্বাস্থ্য ও জীবন বোধকে প্রবলভাবে নিয়ন্ত্রণ করেছে। একে স্থানচ্যুত করেই শু(হয়েছে আধুনিক জনস্বাস্থ্যের অমোঘ যাত্রা। চরক- এবং সুশ্রুত-সংহিতায় এমন কি প্রাথমিক স্তরের হাসপাতালের কথাও বলা আছে। চরক-সংহিতায় বলা হচ্ছে - *দেহের সংশোধনের জন্য ওষুধ সেবনের আগেই একটি গৃহ নির্মাণ করতে হবে। গৃহটি দৃঢ় ও বায়ুবাহিত হবে। এতে বিচরণ করতে যেন কোন কষ্ট না হয়। অনিষ্টকর কোন বস্তু যেমন, ধূম, রৌদ্র, ধূলা প্রবেশ করতে না পারে। গৃহটি যেন অনিষ্টকর শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধের অগম্য হয়। সেখানে যেন সোপান, উদূখল, মূষল, মলত্যাগের স্থান, স্নানভূমি ও রন্ধনশালা থাকে।* (সুত্রস্থান - ১৫।৬) এ কথাও বলা হচ্ছে যে সেখানে যেন খরগোশ, হরিণ, কৃষ(সার মৃগ, মেষ, নীরোগ জীববৎসা দুগ্ধবতী গাভীসকল ইত্যাদি থাকে। রোগীর সুশ্রুষাকারী ও ঔষধপেষণে সমর্থ পরিচারকবৃন্দ থাকে। (সুত্রস্থান - ১৫।৭) এর সাথে যুত্ত(হয়েছে বহুলসংখ্যক ভেষজ ও ভেষজ উপাদানের নাম যেগুলো এ ধরণের গৃহে রাখতে হবে। বুঝতে অসুবিধে হয় না, সাধারণ মানুষের চিকিৎসার একটি প্রকরণ ও পদ্ধতি সবলভাবে চালু ছিলো। এর সামাজিক গ্রহণযোগ্যতাও ছিলো নিশ্চয়-ই।

কিন্তু সামাজিক বা বর্তমান পরিভাষায় জনস্বাস্থ্যের এ চিন্তার মাঝে দেহের যে ধারণাটি ছিলো তা কোন অ্যানাটমিকাল দেহ নয়, একটি দেহ কাঠামো যার মধ্য দিয়ে *দোষ, ধাতু* ও *মল* প্রবাহিত হয় এবং, বিশেষ করে, দেহের বাইরের বৃহৎ বিশ্বের মাঝে স্থিত একটি প্রাণ এরকম একটি বোধ। এ কারণে প্রাকৃতিক জীবনের মেটাফর ব্যবহৃত হয় দেহের ফিজিওলজি বোঝানোর জন্য। সুশ্রুত-সংহিতা-তে এ বিষয়টি নির্দিষ্টভাবে আলোচিত হয়েছে - *বিসর্গদানবি(েপ সোমসূর্য্যানিলা যথা // ধারয়ন্তি জগদ্দেহং কফপিত্তানিলাস্তথা //* (সূত্রস্থান - ২১।৮) বাংলা অর্থ করলে - *যেমন*

চন্দ্র, সূর্য্য ও অনিল - বিসর্গ, আদান ও বি(পে এই তিন ত্রি(য়া দ্বারা জগৎকে ধারণ কর - সেভাবে কফ, পিত্ত ও বায়ুও তিনপ্রকার ত্রি(য়া দ্বারা শরীরকে ধারণ করে। [টীকা কারের সংযোজন, বিসর্গ শব্দের অর্থ সৌম্য-গুণ বিতরণ, আদান শব্দের অর্থ শোষণ এবং বি(প শব্দের অর্থ প্রেরণ।] সহজেই বোঝা যায়, চন্দ্রের কাজ বিসর্গ, সূর্য্যের কাজ আদান এবং অনিলের কাজ প্রেরণ। প্রাকৃতিক রূপকল্প ধৃত হয়ে থাকলো দেহের কাজের ব্যাখ্যায়।

আরেকটি প্রসংগ ভেবে দেখার মতো। দেহের বা microsm-এর যে পরিসর এখানে আলোচিত হয়েছে সেটা প্রকৃতপ(প্রকৃতি বা macrocosm-এর সীমায়িত রূপ। এখানে চিকিৎসার অভিমুখ হচ্ছে প্রকৃতির সাথে ভারসাম্য স্থাপন করা, প্রকৃতিকে নিয়ন্ত্রণ বা পুনর্গঠিত করা নয়। এ কথা শুধু আয়ুর্বেদের জন্য নয়, প্রাচীন যে কোন চিকিৎসা পদ্ধতি যেমন সমসময়ে অতি উন্নত গ্রীক চিকিৎসার মাঝেও আমরা একই ধারণা দেখতে পাবো। কিন্তু এতোটা ভাবনাসম্পন্ন চিকিৎসা ব্যবস্থা ও জনস্বাস্থ্যের ধারণা কিভাবে প্রায় অবলুপ্ত হয়ে পপুলার মেডিসিন ও অশি(ত মানুষের নিজস্ব বি(াস নির্ভর হাতুড়ে চিকিৎসা হয়ে গেলো, তা এ আলোচনার পরিধির বাইরে হলেও একটি গু(ত্বপূর্ণ পর্যবে(ণ এখানে উল্লেখ করা দরকার। সপ্তদশ শতাব্দির বিখ্যাত ফরাসি পর্যটক বার্নিয়ের দেখেছিলেন — It should be noted that in all the countries we have just passed through, both in the Kingdom of Carnatic and the Kingdoms of Golkonda and Bijapur, there are hardly any physicians except those in the services of the Kings and Princes. তিনি এটাও ল(্য করেছিলেন — *when the rains have fallen* and it is season for collecting plants, mothers of families may be seen going out in the mornings from the towns and villages to collect samples *which they know to specifics for domestic diseases*... It is true that in good towns there are generally one or two men who have some knowledge of medicine... They first feel the pulse, and when giving medicine, for which they take only the value of two farthings, they *mumble some words* between their teeth. (Francois Bernier, *Travels in the Mughal Empire*, trans., lrving Brock, Vol. II, London, William Pickering, 1826. p. 240. নজরটান প্রবন্ধকারের।)

আধুনিক জনস্বাস্থ্য - উপনিবেশিক ও উপনিবেশোত্তর ভারত - এবং আমরা

ফ্রাঙ্ক থেকে শু(করে চ্যাডউইক বা জন স্নো যাঁদের হাত ধরে আধুনিক জনস্বাস্থ্যের সূচনা তাঁদের প্রত্যেকের আলোচনা ও বোধের একটি সুনির্দিষ্ট কাঠামো আছে। এবং তা হল, জনস্বাস্থ্য এমন একটা অঞ্চল যেখানে দেহের অ্যানাটমিকাল স্পেশ-যে অংশ যেমন ত্বক, মুখগহ্বর ইত্যাদি স্যানিটারি সায়ান্স-এর অন্তর্ভূক্ত(হল। এর আগে ক্লিনিক্যাল মেডিসিন ও হসপিটাল মেডিসিনের সূচনা ঘটেছে। দেহকে রোগীর চেনা পরিচিত পরিসর থেকে সরিয়ে নিয়ে হাসপাতালের noise-free এবং প্রাকৃতিক বিজ্ঞানের পরী(া-নিরী(ার মতো উপযুক্ত(হাসপাতালের পরিসরে স্থিত করা হয়েছে। সেখানে মৃত্যুর পরে (এবং আগেও) দেহ নামক ত্রি-মাত্রিক অ্যানাটমিকাল স্পেস-কে শব-ব্যবচ্ছেদের সাহায্যে কাটা-কুটি করে পূর্ণত জেনে ফেলা যায় এরকম জ্ঞান ও প্রত্যয় অর্জিত হয়েছে। সে জ্ঞান শি(া দিচ্ছে বাইরের পরিবেশ দেহের অভ্যন্তর ও বহিরাংশকে আত্র(ান্ত ও কলুষিত করতে পারে। সুতরাং স্যানিটারি সায়ান্স-এর কাজ হবে (তিকর প্রাকৃতিক পরিবেশে হস্ত(প করা ও পুনর্গঠিত করে নেওয়া। অন্তত তিনটি (ত্রে প্রাক-আধুনিক জনস্বাস্থ্যের ধারণার সাথে এ ধারণার মূলগত পার্থক্য ঘটে গেলো - (১) দেহের অ্যানাটমিকাল স্পেস ও পরিবেশগত স্পেস-এর সুস্পষ্ট বিভাজন, ও (২) প্রাকৃতিক পরিবেশে হস্ত(প করা ও নিজের উপযোগী করে পুনর্গঠিত করে নেওয়ার আগ্রাসী চেতনা। এখানে প্রাকৃতিক ভারসাম্যের কোন রকম বোধ অনুপস্থিত, প্রকৃতি এখানে মানুষের ভৃত্য, একটি অ-দেহী অঞ্চল যেটাকে যেমন খুশি মানব দেহের মতোই কাটা-ছেঁড়া করা যায়, এবং সর্বোপরি, (৩) এ কাজের প্রধান দায়িত্ব হল রাষ্ট্রের। রাষ্ট্র ও ব্যক্তি(র মাঝে এক ধরণের নজরদারি বা surveillance মেডিসিন-ও বটে। ডেভিড আর্মস্ট্রং-এর ধারণায় নতুন ধরণের জনস্বাস্থ্য পরিকল্পনায় ''পরিবেশ বান্ধব'' রাজনৈতিক কার্যত্র(মের প্রয়োজন পড়ে এবং "it calls

for an ecological approach to health; and, for the individual, it requires an extension from concerns with body boundaries or individual psychology to examination of 'lifestyle'. In its new guise of health promotion, public health is now concerned with generating and monitoring 'political awareness' in its widest sense." (David Armstrong, "Public Health Spaces and the Fabrication of Identity", *Sociology* 1993, 27 (3), pp. 393-410.)

আর্মস্টং-এর ধারণার এক সুন্দর উদাহরণ মিলবে মিল্টন রোমার-এর বক্তব্যে। ১৯৬৫ সালে ক্যালিফোর্ণিয়ার Watts অঞ্চলে গুরুতর হিংসাত্মক ঘটনা ঘটার পরে রোমার-কে পাঠানো হয়েছিল সরেজমিন তদন্তের কাজে। তাঁর বক্তব্য অনুযায়ী - among other things, recommended the establishment of three or four general ambulatory health care at "locations of greatest poverty" in the riot area. (Milton I. Romer, "Resistance to Innovation : The Case of the Community Health Center", American Journal of public Health 1988, 78, 9, pp. 1234-1239)

জনস্বাস্থ্যের এরকম এক প্রেক্ষিত উন্মোচিত হবার পরে আমরা প্রবেশ করতে পারি ভারতের নির্দিষ্ট পটভূমিতে কি ভাবে এর বিকাশ ও বিস্তার হল তা বুঝতে। ডেভিড আর্নল্ড একে এক কথায় বলেছেন "enclave medicine" থেকে "public health"- এ যাত্রা (David Arnold, *Colonizing the Body*, California University Press, 1993) ভারতে বসবাসকারী বৃটিশ সৈন্যবাহিনী ও ইওরোপীয় জনতার স্বাস্থ্যকে ভারতীয় কলুষ ও ক্ষতিকর জলবায়ু থেকে বাঁচানোর জন্য বিভিন্ন ধরনের কর্মসূচী নেওয়া হয়েছে যেমন, টীকাকরণ ইত্যাদি। পেগ দাঙ্গার কথা তো ইতিহাসে সুবিদিত। উনিশ শতকের তিন-চতুর্থাংশ সময় জুড়ে জনস্বাস্থ্য বা বৃটিশ সৈন্যের স্বাস্থ্যরক্ষার জন্য অসংখ্য বই একের পরে লেখা হয়েছে। একটি উদাহরণ হল Edmund A. Parkes-এর ১৮৬৬ সালে লেখা *A Manual of Practical Hygiene Prepared Especially for Use in the Medical Service of the Army*। এরকম লেখালেখির সূত্রপাত অষ্টাদশ শতকের শেষ ভাগ থেকে। ১৮৩০-এর দশকে ভারতে মোট সৈন্য ছিলো ২,৫০,০০০। এর মধ্যে মাত্র ৪০,০০০-এর কাছাকাছি ছিলো বৃটিশ সৈন্য। সৈন্যবাহিনীর জন্য Indian Medical Service (IMS) তৈরি হয়েছে। ১৯২০-১৯৩০-এর সময়কাল দিয়ে ভারতে মেডিসিনের রাষ্ট্রিয় নীতিতে কিছু পরিবর্তন আসতে শুরু করে "away from the old enclavism and towards a more Indian oriented sytem of public health. Nonetheless, the change was more a shift of emphasis than a complete transformation."(David Arnold, "The rise of wsetern medicine in India", *Lancet* 1998, 348, pp. 1075-78)

প্রধানত যে বিষয়গুলোর ওপরে জোর দেওয়া হয় সেগুলো হল - টীকাকরণ, স্যানিটেশন, হাইজিন এবং, অধিক গুরুত্বপূর্ণ, আধুনিকতা ও আধুনিক চিকিৎসার উপযোগী জীবনবোধ তৈরি করা। শেষ বিষয়টির বাস্তব ভিত্তি হচ্ছে যে ভারতবর্ষ কখনোই সম্পূর্ণভাবে তথাকথিত অ্যালোপ্যাথিক চিকিৎসাকে গ্রহণ করে নি। যে কোন সময়ে এখানে আধুনিক চিকিৎসার চেয়ে অনেক বেশি পরিমাণে কবিরাজি বা অন্য ধরনের চিকিৎসা চালু ছিলো, এখনো আছে। ১৮৬৪ সালে সূর্য্য গুডিভ চক্রবর্তী *বৃটিশ মেডিক্যাল জার্নাল*-এ প্রকাশিত তাঁর এক রিপোর্টে একজন কবিরাজের উল্লেখ করছেন যাঁর দক্ষিণা এবং সম্মান ইউরোপীয় চিকিৎসকদের চেয়ে বেশি ছিলো। ১৯০৭ সালে *চিকিৎসা-সম্মিলনী* পত্রিকায় ''দেশীয় স্বাস্থ্য-বিজ্ঞানের একাল ও সেকাল'' শীর্ষক প্রবন্ধে লেখা হচ্ছে - *ঐতিহাসিক কালের কথা না ধরিলেও, গত ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগ হইতে বাঙ্গালিজাতির শারীরিক অবস্থার নিতান্ত শোচনীয় পরিবর্তন দেখা যাইতেছে।* এর কারণ কি? সামাজিকভাবে এতদিন ধরে পালিত ও প্রতিষ্ঠিত আচার-ব্যবহারের পরিবর্তন হয়েছে - *হিন্দুধর্ম্ম বা সমাজ সম্বন্ধে যে সকল রীতিনীতি বা আচারব্যবহার প্রচলিত আছে, তৎসমস্তই প্রায়শ এতদ্দেশীয় জনগনের শরীরের পক্ষে একান্ত অনুকূল... বিধাতার বিড়ম্বনায় হিন্দুসমাজশরীর নানাবিধ রোগে আক্রান্ত ও নিতান্ত জীর্ণ-শীর্ণ হইয়া*

পড়িয়াছে... নতুন জলাশয় প্রতিষ্ঠা হওয়া দূরে থাকুক, প্রাচীনগুলিও ক্র(মশ শুষ্ক হইয়া যাইতেছে, অনেক গ্রামে একেবারেই শুকাইয়া গিয়াছে। (*চিকিৎসা-সম্মিলনী,* নতুন আকারে ২য় খন্ড, ৫ম ও ৬ষ্ঠ সংখ্যা) এ পত্রিকার ১৮৮৮ সালে প্রকাশিত ২য় খন্ডে ''আয়ুর্বেদ বৈজ্ঞানিক কি অবৈজ্ঞানিক?'' শিরোনামে প্রবন্ধ লেখা হচ্ছে।

যা হোক, এরকম প্রে(াপটে, জাতীয়তাবাদী আন্দোলনের সময়ে দেশীয় জনতার আবেগ ও সমর্থন-পুষ্ট আয়ুর্বেদ ও আধুনিক চিকিৎসার মধ্যেকার সংঘাত চরম রূপ নেয়। সবকিছুর অভিঘাতে ১৯৪৬ সালে তৈরি হল ভোর (Bhore) কমিশন। Primary Health Care বা প্রাথমিক স্বাস্থ্য ব্যবস্থার সূত্রপাত হয় এ সময় থেকে। এই কমিশন যে সব সুপারিশ করে তার কতকগুলো হল - প্রথম, প্রশাসনিক পর্যায়ে preventive এবং curative পরিষেবাকে মেলাতে হবে দ্বিতীয় স্বল্পকালীনভাবে ৪০,০০০ জনসংখ্যার জন্য ১টি প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্র তৈরি হবে এবং দীর্ঘমেয়াদী হিসেবে প্রতি ১০,০০০-২০,০০০ জনসংখ্যার জন্য ৭৫ শয্যা-বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্র তৈরি হবে তৃতীয়, গ্রামীণ স্বাস্থ্য কমিটি তৈরি করতে হবে ইত্যাদি। এমন কি ১৯৩৭ সালেও কংগ্রেস যখন প্রথম প্রদেশগুলির (মতা লাভ করে তখনো ভারতের 'ট্রাডিশনাল' চিকিৎসা পদ্ধতি রাষ্ট্রের সহায়তা লাভ করেছে। ভোর কমিটি একটি বহুত্বপূর্ণ সামাজিক চিকিৎসা ব্যবস্থার মাঝে পাশ্চাত্য চিকিৎসা ব্যবস্থার প্রাধান্যকে রাষ্ট্রের তরফে অনুমোদন দিলো। ডেভিড আর্নল্ড একটি গু(ত্বপূর্ণ মন্তব্য করেছেন - The Bhore Committee presented a Beveridge-style blueprint that no colonial government of India would ever have put into practice. Its ambitious and idealistic public-health programme could only begin to be realised under an independent regime. *Western medicine was never so powerful in India as when it shed its colonial identity.* (Arnold, "The rise of western medicine".নজরটান প্রবন্ধকারের।)

এখানে কয়েকটি বিষয় আমাদের চিন্তার পরিধির মাঝে থাকে দরকার। রবীন্দ্রনাথের সাথে তৎকালীন জাতীয়তাবাদী নেতৃত্বের প্রধান সংঘাতের অন্যতম জায়গা ছিলো একদিকে, ভারতবর্ষীয় সমাজের গ্রামীণ সভাগুলো উপযুক্ত(গু(ত্ব পাবে কি না, অন্যদিকে, আন্দোলনের অভিমুখ রাষ্ট্রমুখী হবে বা সমাজমুখী হবে। ভোর কমিশনের মূল ঝোঁক পড়লো সম্পূর্ণভাবে রাষ্ট্র-নিয়ন্ত্রিত পাশ্চাত্য চিকিৎসার ওপরে। ভারতবর্ষের মতো বিপুল জনসংখ্যার পরতে পরতে বহুত্ব জড়ানো দেশে কেবল পাশ্চাত্য চিকিৎসা দিয়ে সমাধান হবে না বলে গ্রামীণ স্বাস্থ্য কমিটি-র মতো বিষয়গুলোর প্রস্তাবনা এসেছে। এদেশে ভয়ংকর আগ্রাসী উপনিবেশিক ব্যবস্থার প্রতিফলন ঘটেছে এর রাজনৈতিক, সামরিক, সামাজিক, সাংস্কৃতিক, প্রশাসনিক ইত্যাদি সমস্ত কার্যত্র(মে। কোন সময়েই বিকল্প কোন ধারণাকে (যদি সেটা সামাজিক (মতা সৃষ্টির মধ্য দিয়ে রাষ্ট্রের কর্তৃত্বকে চ্যালেঞ্জ জানায়) অনুমোদন করেনি, বিপরীতে দমন করেছে। মেডিসিনের জগতেও এটা সবিশেষ সত্যি। মেডিসিন ও জনস্বাস্থ্যের এ মতাদর্শ ভোর কমিটির মাধ্যমে বৈধতা পায় (অন্য কমিটির মাধ্যমেও পেতে পারতো)। বিনায়ক সেনের ঘটনা জন-স্বাস্থ্যের এ প্রসঙ্গটিকে চোখে আঙ্গুল দিয়ে আরেকবার নতুন করে দেখিয়ে দেয়। তিনি পাশ্চাত্য মেডিসিনের একটি ভিন্ন ধরনের প্রয়োগ পদ্ধতির বাস্তবায়ন করেছিলেন। এ বাস্তবায়নের ফলে সাধারণ মানুষের স্বর শক্তি(শালী হয়ে উঠেছিলো, স্থানীয়ভাবে পাওয়া সম্ভব এরকম মানব শক্তি(ও সামর্থ্যের ব্যবহারের বাস্তব চেহারা তৈরী হচ্ছিল। এক কথায় রাষ্ট্রের নিয়ন্ত্রণ অতিত্র(ম করে মেডিসিন হয়ে উঠেছিলো মানুষের স্বাস্থ্যর(ার নিজস্ব হাতিয়ার। উপনিবেশিক দর্শন-জাত আগ্রাসী রাষ্ট্রের প(একে বেশি দিন ধরে অনুমোদন করা সম্ভব নয় - যা করার রাষ্ট্র করবে। এজন্য বিনায়ককে কারান্তরালে যেতে হয়। প্রচলিত জনস্বাস্থ্যের এ দিকটি আজ মনোযোগ দিয়ে ভাবার বিশেষ প্রয়োজন। জনস্বাস্থ্যের একটি কোন মডেল গোটা পৃথিবী জুড়ে নেই। ভারতে আধুনিক জনস্বাস্থ্যের সূচনা ও বিকাশ ঘটেছে ভারতবর্ষের মানুষের, বিশেষত শহুরে শি(িত সম্প্রদায়ের, চিকিৎসা ও স্বাস্থ্য-সংত্র(ান্ত নিজস্ব বোধকে পুনর্গঠিত করে। আবার, সে জনস্বাস্থ্যের মডেলকে বারে বারে ফিরে তাকাতে হচ্ছে স্থানিক অভিজ্ঞতা ও মানব সম্পদের

দিকে - যা কোন শুভবোধ প্রসূত নয়। মডেলটি প্রায় পূর্ণত ব্যর্থ হয়েছে। অথচ জনস্বাস্থ্য এমন একটি বিষয় যা যেমন বৃটিশ আমলে তেমনি এখন গন-অসন্তোষের জন্ম দিতে পারে, এমন কি অভ্যুত্থান অবধি হতে পারে। এবার দেখা যাক জনস্বাস্থ্যের নিরীখে।

ভারতে জনস্বাস্থ্যের বর্তমান চেহারা

ভোর কমিটির পরে আরো অনেকগুলো কমিটি হয়েছে যেমন, মুদালিয়ার, কারতার সিং ইত্যাদি। সবকিছুর পরে এখনকার চেহারা কি? ১৯৪৭ সালে স্বাধীনতা লাভের সময়ে ভারতে প্রতি ১০,০০০ ভারতবাসীর জন্য ১.৬ জন যথেষ্ট প্রশি(ণপ্রাপ্ত স্বাস্থ্যকর্মী ছিলো। এর মধ্যে ৭০%-ই ছিলো শহরে ব্যত্তি(গত প্র্যাকটিস-রত। প্রতি ১০,০০০ জনসংখ্যার জন্য নার্স ছিলো ০.২৩ জন। বর্তমান এ সংখ্যা (প্রতি ১০,০০০ জনের হিসেবে) ৮-এর চেয়ে সামান্য বেশি স্বাস্থ্যকর্মী, ৩৮ জন অ্যালোপ্যাথিক ডাত্ত(ার এবং ২.৪ জন নার্স ও ধাত্রী। সমগ্র ভারতে সমস্ত অ্যালোপ্যাথিক ডাত্ত(ার, নার্স ও ধাত্রী ধরে প্রতি ১০,০০০ জনের হিসেবে সংখ্যা ১১.৯। WHO-এর দেওয়া ন্যূনতম হিসেবে এ সংখ্যা হবার কথা ২৩.৪। এবার যদি যোগ্যতার মানদন্ডকে এর সাথে যুত্ত(করা হয় তাহলে এ সংখ্যা হবে WHO-এর দেওয়া ন্যূনতম হিসেবের এক-চতুর্থাংশে অর্থাৎ ৫.৯ জন। এ হিসেবের সাথে আরো কতগুলো হিসেব মাথায় রাখা দরকার। প্রথম, বিভিন্ন রাজ্যের মধ্যে হিসেবের বিস্তর ব্যবধান। চন্ডীগরে এ সংখ্যা যখন ২৩.২ মেঘালয়ে তা ২.৩। অ্যালোপ্যাথিক ডাত্ত(ারের সংখ্যা গোয়াতে ৪১.৬, কেরালায় ৩৮.৪। অথচ এ সংখ্যা উড়িষ্যাতে ১৯.৭, ছত্তিসগড়ে ১৫.৮ জন। সমগ্র ভারতের হিসেবে শহরে স্বাস্থ্যকর্মীর সংখ্যা ৪২ প্রতি ১০,০০০ হাজারে। এ সংখ্যা গ্রামাঞ্চলের হিসেবের (১১.৮) চেয়ে ৪ গুণ বেশি। অ্যালোপ্যাথিক ডাত্ত(ারের সংখ্যা শহরাঞ্চালে ১৩.৩ গ্রামাঞ্চলে ৩.৯। শহরে ও গ্রামাঞ্চলে নার্স ও ধাত্রীর সংখ্যা যথাত্র(মে ১৫.৯ ও ৪.১। ১৮% প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে কোন ডাত্ত(ার নেই, ১৬%-এ কোন ফার্মাসিস্ট নেই। বিশেষজ্ঞ চিকিৎসকের হিসেব নিলে অবস্থা আরো মারাত্মক। কমিউনিটি স্বাস্থ্য অনুমোদিত পদের ৫২% খালি পড়ে রয়েছে। এই খালি পদগুলোর মধ্যে ৪৮% স্ত্রীরোগ বিশেষজ্ঞের, ৩৫% সার্জেনের, ৫৫% ফিজিসিয়ানের এবং প্রায় ৪৭% হল শিশু-বিশেষজ্ঞের পদ। (তথ্যসূত্র "Human resources for health in India", *Lancet*, January 12, 2011)

এর সাথে আরেকটি সমস্যা জড়িয়ে আছে। যেসব স্নাতক বা স্নাতকোত্তর চিকিৎসক পাশ করে বেরোচ্ছে তাদের একটি বড়ো অংশ বিদেশ যাত্রা করে। ইংল্যান্ডের মোট চিকিৎসকের ১০.৯% ভারতীয়, আমেরিকায় ৪.৯%, কানাডায় ২.১%, অস্ট্রেলিয়ায় ৪.০%। একটি সমী(ায় জানা গিয়েছে, ১৯৮৯ থেকে ২০০০-এর মধ্যে ভারতের একটি প্রথমসারির মেডিক্যাল কলেজ থেকে পাশ করা স্নাতকদের ৫৪% আমেরিকা পাড়ি দিয়েছে। ইংল্যান্ডে রেজিস্ট্রার্ড ভারতীয় নার্সের সংখ্যা ১৯৯৮-এ ছিলো ৩০, ২০০৫-এ ৩৫৫১। *Lancet* পত্রিকা মন্তব্য করছে - Health-worker migration, especially for those whose training is funded by the public, is a substantial loss of scarce public resources. (পূর্বোত্ত() এরকম এক প্রে(াপটে আরেকবার বিনায়ক সেনের মতো চিকিৎসক যাঁরা আছেন তাঁদের কথা ভাবা যেতে পারে। প্রকৃতপ(, জনস্বাস্থ্যের ধারণা একটি দর্শনগত অবস্থান। কেবলমাত্র প্রশি(ত চিকিৎসক হওয়াই এখানে যথেষ্ট নয়, সামাজিক দর্শনের প্র(এখানে একান্ত জ(রি।

একটু ভিন্নভাবে দেখা যাক। অমর্ত্য সেন ২০০২-এ *বৃটিশ মেডিক্যাল জার্নাল*-এ একটি আমন্ত্রিত সম্পাদকীয় লিখেছিলেন Health : perception versus observation (*British Medical Journal* 2002, 324, pp. 860-61). সে প্রবন্ধে তিনি একটি গু(ত্বপূর্ণ প্রসঙ্গ তুলেছিলেন। কেরালা ও আমেরিকায় অসুস্থতা রিপোর্ট করা ও চিকিৎসকের সাহায্যপ্রার্থী হবার হার বিহারের চাইতে অনেক বেশি। অথচ, বিহারে, অসুস্থতার পরিমাণ আমেরিকা বা কেরলের তুলনায় অনেক বেশি। এর কারণ হিসেবে তিনি দেখিয়েছিলেন যে আর্থ-সামাজিক-সাংস্কৃতিক পরিবেশে বিহারের মানুষ

স্থিত সেখানে রোগের পারসেপশন বা বোধ-ই কম, এজন্য চিকিৎসকের শরণ কম সংখ্যক মানুষ নেয়। জনস্বাস্থ্য কর্মীকে এ বিষয়টিকে বোধের মাঝে রাখতে হবে। এজন্য এটা প্রাথমিক গু(ত্বসম্পন্ন একটি দর্শনগত প্র(ে।

২০২০ সালের মধ্যে ভারতে সার্বজনীন স্বাস্থ্যের আহ্বান রাখা হয়েছে। এ আহ্বানের মাঝে, একটু ভাবলে আমরা দেখবো, দুটি বড়ো ফাঁক আছে — (১) এ আহ্বানে ধরে নেওয়া হয়েছে ভারতের অর্থনৈতিক সমৃদ্ধি স্বাস্থ্যের অসাম্যকে দূর করবে। বরঞ্চ উল্টোটা সত্যি। অর্থনৈতিক বিকাশ ও সমৃদ্ধি বিভিন্নভাবে এই অসাম্যের স্রস্টা। এখনো ৭৭% ভারতীয় দৈনিক ২০ টাকার কমে জীবনধারণ করে। (২) এ আহ্বানে বর্তমান স্বাস্থ্য পরিষেবার যে কাঠামো আছে সেটাকে অ(ত রেখে এগনোর কথা বলা হয়েছে। বর্তমান কাঠামোর একটি বৃহৎ আপদ হল প্রাইভেট সেক্টর। একে বর্তমান কাঠামোর মাঝে অঙ্গীভূত করার কথা বলা হয়েছে। এ বিপজ্জনক প্রবণতা সম্বন্ধে *Lancet* পত্রিকায় মন্তব্য করা হচ্ছে — The corporate-led private sector in India cannot be controlled by integration – it has to be confronted by being made to compete against a well resourced and managed public system that is run with public funds, rather than building public assets and infrastructure only in areas where the private sector does not exist. ("Towards a truly universal Indian health system", *Lancet* January 12, 2011. pp. 1-2) ১৯৪৭-এ সমগ্র চিকিৎসা পরিষেবার মাত্র ৫-১০% যোগাতে প্রাইভেট সেক্টর। ২০০৫-এ আউটডোর রোগীর ৮২%, ৫৮%, ভর্তি থাকা রোগী এবং হাসপাতাল বা নার্সিং হোমে জন্ম নেওয়া শিশুর ৪০%-এর ভাগীদার প্রাইভেট সেক্টর। ("The private health sector in India", *BMJ* November 8 2005, pp. 157-158) এখনো ভারতে য(া রোগের প্রতি বছরে মৃত মানুষের সংখ্যা ৫,০০,০০০-এর বেশি, ডায়ারিয়া ধরণের রোগে মারা যায় প্রতি বছরে ৬০০,০০০-এর বেশি। প্রাইভেট সেক্টর এসবের দায়িত্ব নেয় না। অর্থনৈতিকভাবে একেবারে ওপরের শ্রেণীতে থাকা অল্পসংখ্যক ভারতীয়র curative চিকিৎসার দায়িত্ব নেয় এবং সফলভাবে করে। ইউরোপ, আমেরিকা বা মধ্য-প্রাচ্যের তুলনায়এখানকার চিকিৎসা অনেক সস্তা বলে বহু বিদেশি পাড়ি জমায় এদেশে। তৈরি হয় একটি নতুন পরিভাষা medical tourism.

শেষ কথা

স্বাস্থ্যের জন্য লগ্নি, বিশেষত যখন এটি বৃহৎ বহুজাতিক ওষুধ কোম্পানির স্বার্থে ঘটে, একটি J curve-এর চেহারা নেয়। এই curve-এর বেশির ভাগ অংশে যতো বেশি অর্থ লগ্নি হবে ততো বেশি ইতিবাচক ফলাফল মিলবে। কিন্তু একটি সীমার পরে, মানুষের জীবনযাত্রার অন্য অংশের বিনিময়ে যতো বেশি খরচ করা হোক না কেন অনেক নিম্ন মানের ফল পাওয়া যাবে। প্রাইভেট সেক্টর-নির্ভর স্বাস্থ্য-ব্যবস্থায় এ ঘটনাটি ঘটে। এমনকি মধ্য আয়ের মানুষ-ও curative স্বাস্থ্যের জন্য বেশি বিনিয়োগ করলে জীবনযাত্রার অন্য অংশে কম বিনিয়োগ করতে পারে। এর ফলে সাংসারিক, মানসিক ও আরো কিছু সমস্যার সৃষ্টি হয় যেগুলো আবার শেষ বিচারে স্বাস্থ্যের সাথে জড়িয়ে যায় - জীবনের এক নতুন ধরণের মেডিক্যালাইজেশনের (ে ত্রে তৈরি হয়। এ কারণে জনস্বাস্থ্যর সাথে যুক্ত(চিকিৎসকের চিকিৎসক হিসেবে দায়িত্ব বর্তায় রোগীর জীবনের সাথে বহু(ত্রে অংশগ্রহণ করা। সামাজিক ও সামগ্রিক স্বাস্থ্যের ধারণা নিয়ে ধারাবাহিকভাবে মানুষের মাঝে নিষ্ঠাপূর্ণ কাজের ফলে একটি সম্ভাবনা জন্ম নিতে পারে যেখানে J curve-এর দুটি দিকেই স্বাস্থ্যের জন্য খরচের সমতা থাকবে। একটি বিপন্যুক্ত(ভবিষ্যৎ সামনে আসবে।

এসবের জটিল যোগাযোগে ও ফলশ্রুতিতে জনস্বাস্থ্যের নিজস্ব অবস্থান নির্ধারিত হয়। কোন মেডিক্যাল কলেজ থেকে উপযুক্ত(প্রশি(ণ পেয়ে পাশ করে বেরোলেই জনস্বাস্থ্য কর্মী হয়ে ওঠা যায় না। মানুষের জীবনবোধের (ে ত্রটি জনস্বাস্থ্য কর্মীর চেতনায় স্থিত হবে। এ কারণে ভারতের মতো দেশে জনস্বাস্থ্যের কাজে নিয়োজিত করার অর্থ প্রকারান্তরে অর্থনৈতিক অসাম্যের মুখোমুখি হওয়া, মুখোমুখি হওয়া বৃহৎ বহুজাতিক কোম্পানির, রাষ্ট্র ও সমাজের

দ্বন্দ্বের অঞ্চলগুলোকে বোঝা, চিহ্নি(ত করা ও এর মূলে প্রবেশ করা। পশ্চিমী দুনিয়ার মতো আমাদের এখানে একক ব্যক্তি(সরাসরি রাষ্ট্রের বন্ধন বাঁধা নয়, এখানে মাঝখানে সমাজ আছে। এ সমাজ পশ্চিমী দুনিয়ার medical insurance-এর বিপরীতে বহু ব্যক্তি(গত কষ্ট-যন্ত্রণা-অসুস্থতার সামাজিক buffer হিসেবে কাজ করে। আমাদের দেশের মেডিক্যাল শি(ার পাঠ্যসূচিতে এগুলো পড়ানো হয় না। জনস্বাস্থ্যকে পরিপূর্ণ অর্থ দিতে হলে এ পাঠ নতুন করে নিতে হয়। এক নতুন ধরণের 'উন্মাদের পাঠত্র(ম' শু(করার প্রয়োজন দেখা দিচ্ছে - ছাত্রদের সংখ্যা যতোই কম হোক না কেন।

এদেশে আধুনিক জনস্বার্থের নির্মাণ হয়েছিলো পুরনো স্বাস্থ্য-বোধকে সম্পূর্ণভাবে ভেঙ্গে ও পুনর্গঠিত করে। আজকে ভারতের সংখ্যগরিষ্ঠ মানুষের উপযোগী জনস্বাস্থ্য ব্যবস্থা গড়ে তুলতে হলে বিদ্যমান ব্যবস্থাকে বিনির্মাণ করার প্রয়োজন। এই বিনির্মাণ এক নতুন নির্মাণের সন্ধান দেবে।

—— ● ——

❍ 'পাবলিক হেলথ ফাউণ্ডেশন অফ ইণ্ডিয়া'র সভাপতি ও 'এইমস', নয়া দিল্লীর কার্ডিওলজি বিভাগের প্রাক্ত(ন প্রধান বিশিষ্ট হৃদরোগ বিশেষজ্ঞ ডা. কে. শ্রীনাথ রেড্ডিকে প্রিভেনটিভ কার্ডিওলজির উপর পথিকৃত কাজের জন্য স্কটল্যান্ডের আবেরডিন বি(বিদ্যালয় ডি. এস. সি. উপাধি দিয়ে সম্মানিত করল।

❍ 'পাবলিক হেলফ ফাউণ্ডেশন অফ ইণ্ডিয়ার' চেয়ারম্যান নির্বাচিত হলেন ইনফোসিসের প্রাক্ত(র কর্ণধার নারায়ণ মূর্তি। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তরের প্রধান সচিব হলেন সঞ্জয় মিত্র। তিনি মানবেন্দ্র রায়ের স্থলাভিষিক্ত(হলেন।

❍ Indian Journal of Community Medicine পত্রিকার একটি সাম্প্রতিক গবেষণায় দেখা গেছে বৃহত্তম মুম্বাইয়ের জনপ্রিয় পানশালাগুলির নর্তকী ও যৌন কর্মীদের ৪৮.৪% পশ্চিমবঙ্গের। মেয়েদের ৬৮%-র বয়স ২৫ বছরের নীচে।

❍ UNAIDS ও SOSVA-র পতিতাপল্লীগুলির উপর সমী(ায় দেখা গেছে অনেক পু(ষ ও মহিলা যৌনকর্মীর বয়স ১৫-র নীচে, পারিবারিক দারিদ্র্যের কারণে তারা এই পেশায় এসেছে। অনেকেই এইচ. আই. ভি. / এইডস্ সম্পর্কে সচেতন নন, অনেকে জানেন ও এই রোগ চান না কিন্তু উপভোক্ত(াদের চাপাচাপিতে অনেক (ে ত্রেই নিরাপত্তা নেওয়া যায় না। এদের ভবিষ্যতে অনিশ্চিত এবং বেশ কিছুদিন এই পেশায় থাকার পর তারা অন্য পেশায় ফিরে যেতে চান না।

❍ বিষয়টি চেপে যাওয়া হচ্ছিল। গত বছর SAMA নামক একটি মানবাধিকার সংস্থা বিষয়টি তুলে ধরে যার ফলে সারা দেশে হৈ চৈ শু(হয়। Human Papilloma Virus (HPV) vaccine যা কিনা জরায়ুর ক্যানসার নিবারণে ব্যবহার হবে তার Clinical Trial দেওয়া হচ্ছিল অন্ধ্রের খাম্মামাম ও গুজরাটের ভাদোদরা জেলার গরীব আদিবাসী পরিবারের ১০-১৪ বছর বয়সী মেয়েদের উপর। সাতটি আদিবাসী মেয়ের মৃত্যু হয়। তদন্তে দেখা যায় কোনরকম informed consent নেওয়া হয়নি মেয়েদের বাবা-মার থেকে, তারা এমনিতেই অপুষ্টিতে ভুগছিল, Clinical Trial-র পর কোন নজরদাড়ি ছিল না, তাদের কোন স্বাস্থ্য বীমা করা হয় নি।

❍ স্বাস্থ্য ব্যবস্থায় দুর্নীতি ও মাফিয়া কার্যকলাপ যে কি পর্যায়ে পৌঁছেছে উত্তরপ্রদেশ তার এক জ্বলন্ত নজির। এর আগে পশ্চিমবঙ্গে 'SHSDP II'-র অর্থ সংগঠিতভাবে আত্মস্যাতের বহু অভিযোগ উঠেছে। MCI-র প্রধান ঘুষ নিতে গিয়ে ধরা পড়েছেন। গতবছর ঝাড়খণ্ডের NRHM-র মিশন ডিরেক্টর ব্যাপক চুরির পর সি. বি. আইয়ের হাতে ধরা পড়েন। সম্প্রতি উত্তরপ্রদেশে NRHM, ওষুধ-যন্ত্রপাতি কেনার টাকার ভাগ নিয়ে দ্বন্দ্বের কারণে দুজন CMO ও একজন Dy . CMO খুন হয়েছে এবং একজন CMO ও একজন DyCMO গ্রেফতার হয়েছেন।

OPTIONAL HEALTH CARE FINANCING MECHANISMS FOR AFRICAN COUNTRIES : WHAT IS VIABLE ?

Claudio Schuftan
MD, Ho Chi Minh City

The world cannot remain half healthy and half sick and still maintain its economic, moral and spiritual equilibrium. (World Health Assembly President, T. Scheel, 1951).

Executive summary

This essay contends that central to the question of affordable and sustainable health systems is having a viable health care financing system.

This having been said, several words of caution are expressed right upfront to avoid over-simplifying the issues.

